

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৩০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. প্রথম অনুচ্ছেদ - সালাতে কিরাআতের বর্ণনা

بَابُ الْقِرَاءَةِ فِي الصَّلَاةِ

আরবী

وَعَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ فِي الظُّهْرِ ب (اللَّيْل إِذا يغشى)

وَفِي رِوَايَةٍ بِ (سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى) وَفِي الْعَصْرِ نَحْوَ ذَلِكَ وَفِي الصَّبْحِ أَطْوَلَ من ذَلِك. رَوَاهُ مُسلم

বাংলা

৮৩০-[৯] জাবির ইবনু সামুরাহ্ (রাঃ)বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম যুহরের সালাতে সূরাহ্ "ওয়াল্লায়লি ইযা- ইয়াগশা-" এবং অপর বর্ণনা মতে "সাব্বিহিসমা রব্বিকাল আ'লা-" পাঠ করতেন। আসরের সালাত (সালাত/নামায/নামাজ)ও একইভাবে আদায় করতেন। কিন্তু ফাজ্রের (ফজরের) সালাতে এর চেয়ে লম্বা সূরাহ্ তিলাওয়াত করতেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৪৫৯, নাসায়ী ৯৮০, আহমাদ ২০৯৬৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: তারাবীহ সালাত (সালাত/নামায/নামাজ) ব্যতীত এক রাক্'আতে একটি পূর্ণ সূরাহ্ পাঠ করাই সুন্নাত। অংশবিশেষ পড়া জায়িয তবে সুন্নাত নয়। রসূল সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম এ রকমই পড়তেন। কোন একটি সালাতের জন্যে বিশেষ কোন সূরাকে নির্দিষ্ট করে পড়েননি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন